



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৪ সেপ্টেম্বর ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

### মানিকছড়িতে পাহাড়ি গ্রামে সেটলারদের হামলা, আহত ৩ ইউপিডিএফের নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ির মানিকছড়ি উপজেলার মানিকছড়িতে আজ শুক্রবার (৪ সেপ্টেম্বর ২০১৫) বিকাল সাড়ে ৫টার দিকে সেটলার বাঙালিরা পাহাড়িদের গ্রামে ঢুকে অতর্কিতে হামলা চালিয়েছে। এতে ৭০ বছরের এক বৃদ্ধ সহ একই পরিবারের ৩ জন আহত হয়েছেন।

সেটলারদের হামলায় আহতরা হলেন- চোক্যাবিল গ্রামের শ্রাসা মারমা (৭০), পিতা মৃত রিচাইন মারমা, তাঁর ছেলে রাম্পুচাই মারমা (৪০) ও নাতি রাম্পুচাই মারমার ছেলে ক্যাচাই মারমা (১৮)। এর মধ্যে বৃদ্ধ শ্রাসা মারমা ও রাম্পুচাই মারমাকে গুরুতর আহত অবস্থায় মানিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

শুক্রবার বিকাল সাড়ে ৫টার দিকে মানিকছড়ি সদর এলাকার জিয়ানগর গুচ্ছগ্রাম থেকে ৫০/৬০ জনের একদল সেটলার দা, বল্লম ও লাঠিসোটা হাতে মলঙ্গী পাড়া হয়ে ঢুকে চোক্যাবিল গ্রামের বাসিন্দা শ্রাসা মারমার বাড়িতে হামলা চালায়। এতে একই পরিবারের শ্রাসা মারমা, রাম্পুচাই মারমা ও ক্যাচাই মারমা আহত হয়।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা এক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি এ হামলাকে ন্যাকারজনক উল্লেখ করে বলেন, বেশ কয়েকদিন ধরে সেটলাররা বার বার সংঘবদ্ধভাবে পাহাড়িদের জায়গা-জমি জোরপূর্বক বেদখলের চেষ্টা করলেও প্রশাসন তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ না নিয়ে উল্টো পাহাড়িদের উপর নিপীড়ন-নির্যাতন-হয়রানি-ধরপাকড় জারি রেখেছে। ফলে সেটলাররা এ ধরনের বর্বর হামলা করতে উৎসাহ পেয়েছে। এতেই প্রমাণ হয় যে, সেনা-প্রশাসনই সেটলারদের উস্কে দিয়ে এলাকায় সাম্প্রদায়িক সংঘাত সৃষ্টি করে পাহাড়িদের নিজ জায়গা-জমি ও বসতভিটা থেকে উচ্ছেদের অপচেষ্টা চালাচ্ছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে হামলাকারী সেটলারদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি ও পাহাড়িদের জায়গা-জমি বেদখল বন্ধ করার জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।